দৈনিক ইত্তেফাক

SEP 17 2002

# আজ শিক্ষা দিবস

**ইত্তেফাক রিপোর্ট ॥** আজ ১৭ সেপ্টেম্বর শিক্ষা দিবস। ১৯৬২ সালের এই দিনে স্বৈরাচারী আইয়ুব খানের কুখ্যাত হামুদুর রহমানের শিক্ষা নীতির প্রতিবাদে বাংলার বিক্ষুব্ধ ছাত্রসমাজ গর্জে উঠেছিল। তাদের দমনে আইয়ুব সরকার নির্বিচারে গুলিবর্ষণ করে অসংখ্য ছাত্রকে হতাহত করে। ১৯৭১ সালের পর হতে প্রতিবছর দিবসটিকে শিক্ষা দিবস হিসাবে পালন করা হচ্ছে। শিক্ষা দিবস উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক পৃথক কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে সকালে শিক্ষা ভবনের সামনে শহীদ স্মৃতিবেদীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ এবং মিছিল সমাবেশ।

ছাত্রদল, ছাত্রলীগ, জাসদ ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রীসহ বিভি সংগঠন পৃথক পৃথকভাবে কর্মসূচী পালন করবে। বাংলাদেশ শিক্ষক সমিতি বিকাল ৪টায় সেনাকল্যাণ ভবনের সভাকক্ষে একটি আলোচনা সভার আয়োজন করেছে।